# চাকরি খোঁজা

# Trouver du travail


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter


4

বাংলা bn / français fr

আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।

• • •

Alisha a besoin de trouver du travail parce que sa famille a besoin d’argent pour de la nourriture et des vêtements.

নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।

• • •

Alisha ne travaillait pas dans son pays d’origine, mais elle est douée en cuisine et aime parler aux gens.

সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।

• • •

Peut-être pourrait-elle travailler dans un restaurant ? Alisha cherche des offres d’emploi sur Internet.

সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।

• • •

Elle trouve une offre pour un chef. Il s’agit de quelqu’un qui cuisine dans un restaurant.

সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।

• • •

Elle va à l’entretien d’embauche. Le gérant du restaurant lui dit qu’ils ont besoin de quelqu’un qui a une formation de chef.

আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।

• • •

Alisha est déçue, mais elle suit une formation nommée “Cuisine et hospitalité”. Elle espère que cela va l’aider à trouver du travail dans un restaurant.

আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।

• • •

Alisha doit travailler dans un restaurant pour sa formation. Elle n’est pas payée, mais elle gagne de l’expérience.

সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।

• • •

Elle ajoute les détails de la formation à son CV. Un CV est une description de tous les emplois qu’elle a eu et de toutes les formations qu’elle a faites.

পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।

• • •

La prochaine fois qu’Alisha va à un entretien dans un restaurant, elle décroche le travail. C’est un dur travail. Elle doit souvent travailler le soir, quand ses enfants sont rentrés de l’école.

সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

• • •

Elle est fière d’avoir un travail qui lui permette d’acheter de la nourriture et des vêtements pour sa famille avec son propre argent.

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা

## Trouver du travail


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter (bn), Zina (fr)


CC BY